

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, বরগুনা।  
[www.dae.barguna.gov.bd](http://www.dae.barguna.gov.bd)

স্মারক নং- ১২.১৭.০৪০০.০৪০.০২.০২৫.২৩- ৮০৮(০৮)

তারিখ: ০৬/১২/২০২৩ খ্রি.

বিষয়: ফসলি জমির মাটি পরীক্ষার নিমিত্ত মাটির নমুনা সংগ্রহ ও মৃত্তিকা গবেষণাগারে প্রেরণ প্রসঙ্গে।

নদীমাতৃক এবং কৃষি নির্ভর উপকূলীয় জেলা বরগুনার অধিকাংশ মানুষের জীবন-জীবিকা কৃষি কেন্দ্রিক। আয়তনে ছোট, ঘনবসতি ও ক্রমবর্ধমান জনসংখ্যার জেলা হওয়ার পাশাপাশি নানাবিধ প্রাকৃতিক প্রতিকূলতা মোকাবিলা করে বরগুনা একটি খাদ্যে উদ্বৃত্ত জেলা হিসাবে পরিচিত। খাদ্য নিরপত্তা নিশ্চিত করতে প্রয়োজন টেকসই মৃত্তিকা ব্যবস্থাপনা, চাষের জমির উপযুক্ত ব্যবহার এবং অতিমাত্রায় সার ব্যবহার থেকে বিরত থাকা। কিন্তু অসমহারে যথেষ্টভাবে সার ব্যবহার করে নিবিড় চাষাবাদের কারণে মাটিতে ফসলের জন্য প্রয়োজনীয় পুষ্টি উপাদানের উপস্থিতি আশংখাজনক হারে হ্রাস পাওয়ায় সুসম মাত্রায় সার ব্যবহার একান্ত অপরিহার্য হয়ে পরেছে।


মাটি ব্যবস্থা জনিত কারণে ফসলের উৎপাদন ব্যয় বেড়ে যায়। মাটির স্বাস্থ্য সংরক্ষণসহ ফসলের অধিক ফলনের জন্য মাটি পরীক্ষা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। মাটি পরীক্ষা ব্যতিত জমিতে পরিমানমত সার দেয়া যায়না। তাই, সার সুপারিশ প্রদানের জন্য মাটি পরীক্ষা অবশ্যই করা দরকার।

এমতাবস্থায়, আপনার উপজেলার প্রতিটি ব্লক থেকে সর্বাধিক প্রতিনিধিত্ব করে এমন ফসলি জমির কমপক্ষে ০৫টি মাটির নমুনা পদ্ধতিগতভাবে সংগ্রহ করে সার সুপারিশের জন্য মৃত্তিকা গবেষণাগারে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জনগুরুত্বপূর্ণ।

প্রাপক:

উপজেলা কৃষি অফিসার (সকল),  
সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা,  
বরগুনা।

  
০৬/১২/২০২৩  
এস এম বদরুল আলম  
উপপরিচালক (ভারপ্রাপ্ত)  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, বরগুনা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।
২. জেলা প্রশাসক, বরগুনা।